সূত্র নং -২৮.০৯.০০০০.০৭২.৬৩.০০১.১৯/ তারিখ ঃ ৩০ সেপ্টেম্বর, ২০১৯

# সভার বিজ্ঞপ্তি

কোম্পানীর কাজের গতিশীলতা এবং বিভিন্ন দাপ্তরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা চর্চার অংশ এবং সরকারী নির্দেশনা মোতাবেক হিসেবে গঠিত বাপেক্সের ইনোভেশন কমিটির সদস্যগনের সমন্বয়ে আগামী ০৩/১০/২০১৯ তারিখ রোজ বৃহঃপতিবার বেলা ১১:০০ মিনিটে বাপেক্স বোর্ড রুমে এক সভা অনুষ্ঠিত হবে। ইনোভেশন কমিটির সকল সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

৩০.০৯.১৯

(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও
আহবায়ক , ইনোভেশন কমিটি
বাপেক্স।

অনুলিপিঃ
১। কমিটির সদস্য ........................................................., বাপেক্স, ঢাকা।
২। উপ-মহাব্যবস্থাপক (সেবা), প্রশাসন বিভাগ, বাপেক্স, ঢাকা। (১৫ জন কর্মকর্তার জন্য নাস্তার আয়োজনের কর্তৃপক্ষীয় অনুরোধসহ)
৩। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, পরিকল্পনা বিভাগ, বাপেক্স, ঢাকা।
৪। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক শাখা, বাপেক্স, ঢাকা।
৫। দপ্তর কপি

সূত্র নং - ২৮.০৯.০০০০.০৭২.৬৩.০০২.১৯/

তারিখ ঃ ০৬ অক্টোবর ২০১৯

**জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা ও বিভিন্ন সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত ইনোভেশন কমিটির ০৩/১০/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

দপ্তর স্মারক সূত্র নং ২৮.০৯.০০০০.০১২.৩৯.০০২.১৯/ তারিখ: ১৬/০৭/২০১৯ ইং মোতাবেক কোম্পানীর তথা জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা ও বিভিন্ন সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত ইনোভেশন কমিটির সদস্যগণের উপস্থিতিতে গত ০৩/১০/২০১৯ইং বাপেক্স বোর্ড রুমে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাপেক্সের ইনোভেশন কমিটির আহবায়ক মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশ করা হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানান। অতঃপর বাপেক্সের ২০১৯-২০ পঞ্জিকা বছরে ইনোভেশন কমিটির করণীয় ও ইতিমধ্যে গৃহীত কার্যক্রম, বাস্তবায়ন অগ্রগতি এবং করণীয় বিষয়াদি নির্ধারণকল্পে আলোচনা করা হয়। পরবর্তীতে ২০১৯-২০ পঞ্জিকা বছরের কর্মপরিকল্পনা প্রণয়নসহ অন্যান্য বিষয়ে আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

২। আলোচনাঃ-

২.১। মন্ত্রী পরিষদ কর্তৃক নতুন প্রবর্তিত ইনোভেশন ছক এর আলোকে আলোচনায় ইতিপূর্বে ২০১৮-১৯ অর্থবছরে প্রনয়ণকৃত বিভিন্ন কর্মপরিকল্পনার আলোকে নিম্মবর্নিত গৃহিত ও বাস্তবায়িত বিষয়াদি উপস্থাপন করা হয়।

ক) Online daily report on operational activities of gas & mineral সম্পর্কিত একটি ওয়েব বেইসড Application. যা, পেট্রোবাংলার মাধ্যমে কেন্দ্রীয়ভাবে ডিজাইন ও প্রস্তুত করার পদক্ষেপ গ্রহন করেছে মর্মে গৃহিত কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করা হয়।

খ) পেট্রোবাংলার ইনোভেশন কমিটির অন্যতম পদক্ষেপ হিসেবে পেট্রোবাংলার অধীনস্থ সকল কোম্পানীর মূল প্রবেশ পথে দপ্তর ও উদ্ধর্তন কর্মকর্তাগনের তথ্য নির্দেশনামূলক ইতিমধ্যে বাস্তবায়িত ডিসপ্লে বোর্ডের আলোকে বাপেক্সে স্থাপিত আধুনিক ডিজাইনের Digital display Board হার্ডওয়্যার ও ডিসপ্লে বিষয়ে প্রয়োজনীয় মতামত প্রদানে সভায় আলোচনা করা হয়।

গ) বাপেক্স ইনোভেশন কমিটির ২০১৮-১৯ এর অন্যতম ইনোভেশন আইডিয়া হিসেবে হিসেবে "Online Gas Well Profile data management" শিরোনামে একটি ওয়েব বেইসড Application এর পাইলটিং ও চুড়ান্ত ডিজাইন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উক্ত সফটওয়্যার বাস্তবায়ন পরবর্তী দৈনিক গ্যাস উৎপাদন রির্পোট আপডেট করা সহ কূপ সংক্রান্ত যেকোন কারিগরী বিষয়ে তাৎক্ষনিক মতামত / নির্দেশনা গ্রহন প্রদান সহজতর হতে পারে মর্মে সভায় অবহিত করা হয়।

ঘ) মন্ত্রী পরিষদ কর্তৃক নির্দেশনার আলোকে বাপেক্স ইনোভেশন কমিটির ২০১৮-১৯ এর কর্মপরিকল্পনায় আভ্যন্তরীন (০১ দিনের, ০২ দিনের ও ০৫ দিনের) ও বৈদেশিক প্রশিক্ষন প্রদানের বাধ্যবাধকতা রয়েছে। গত অর্থবছরে প্রধান কার্যালয়ে ০১ দিনের একটি এবং ১৬-১৭ নভেম্বর ২০১৮ শ্রীমঙ্গলের গ্রান্ড সূলতান হোটেলে এটুআই এর সংশ্লিষ্ট রিসোর্স পারসন / প্রতিনিধির মাধ্যমে ৩৫জন

কর্মকর্তাকে নিয়ে ০১ টি ০২ দিনের ইনোভেশন কর্মশালায় গৃহিত কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া বৈদেশিক প্রশিক্ষনের বিষয়ে প্রাথমিক আলোচনা করা হয়।

২.৩। সভায় বাপেক্সের ইনোভেশন কমিটির বিভিন্ন সভায় আলোচিত প্রস্তাবনা মোতাবেক ইতিপূর্বে গৃহিত বিভিন্ন আইডিয়া ও সংস্কার মূলক বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা করা হয়। এছাড়া বাপেক্সের সকল বিভাগের মহাব্যবস্থাপক / বিভাগীয় প্রধানের কক্ষে সংশ্লিষ্ঠ বিভাগের ভুতপূর্ব হতে বর্তমানে দায়িত্বপালনরত মহাব্যবস্থাপক তালিকা সম্বলিত একটি মানসম্মত নাম তালিকা স্থাপনের বিষয়ে সভায় আলোচনা করা হয়।

২.৪। সভায় বাপেক্সের ই-টেন্ডারিং এর বর্তমান অবস্থা এবং ই-ফাইলিং, অনলাইন ই-স্টোর ব্যবস্থাপনা ও ই-গভর্নেন্স সিস্টেম বাস্তবায়ন এবং অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া সভায় বাপেক্সের কর্মকর্তা ও কর্মচারীগনের প্রয়োজনীয় ব্যক্তিগত তথ্য সমুহ হালনাগাদ করনে কর্তৃপক্ষের সহিত মতামত সাপেক্ষ্যে একটি সমৃদ্ধ এইচআর ডাটাবেজ ম্যানেজমেন্ট প্রস্তুতের বিষয়ে সভায় আলোচনা করা হয়।

৩। বাপেক্সের ২০১৯-২০ পঞ্জিকা বছরে ইনোভেশন কমিটির করণীয় বিভিন্ন কর্মপরিকল্পনার আলোকে গৃহিত ও বাস্তবায়নযোগ্য নিম্নবর্নিত কর্মপরিকল্পনা সম্পর্কে সভার প্রারম্ভে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমুহ | বাস্তবায়নকারী বিভাগ / উপ-বিভাগের নাম |
|---|---|---|
| ০১ | পেট্রোবাংলার আইডিয়া মোতাবেক আগামী মে ২০২০ নাগাদ পেনশন সুবিধাভোগী কোম্পানীর পেনশন কার্যক্রম সহজীকরন অ্যাপস ডিজাইন, পাইলটিং ও বাস্তবায়নের লক্ষ্যে ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করা হয়েছে। এলক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসন বিভাগ ও আইসিটি উপবিভাগ। |
| ০২ | বাপেক্সের ইনোভেশন কমিটির ২০১৯-২০ এর কর্মপরিকল্পনার আলোকে সকল গ্যাস ক্ষেত্রের আবিস্কৃত ও উৎপাদনক্ষম সকল গ্যাস কুপসমুহের ভু-তাত্ত্বিক, খনন, টেস্টিংসহ বিভিন্ন কারিগরী উপাত্তসমুহ সমন্বয়ে "Online Gas Well Profile data management" শিরোনামে একটি ওয়েব বেইসড Application এর ডিজাইন করার বিষয়ে আলোচিত প্রস্তাবনা বাস্তবায়নে পদক্ষেপ গ্রহন করা। | আইসিটি উপবিভাগ। |
| ০৩ | মন্ত্রী পরিষদ কর্তৃক নির্দেশনার আলোকে বাপেক্স ইনোভেশন কমিটির ২০১৯-২০ এর কর্মপরিকল্পনার আলোকে সম্ভাব্য নভেম্বর / ডিসেম্বর ২০১৯ নাগাদ ইনোভেশন কমিটির সকল সদস্য ও মনোনীত কর্মকর্তাগনের সমন্বয়ে বাপেক্স কনফারেন্স রুমে এটুআই এর সংশ্লিষ্ঠ রিসোর্স পারসন / প্রতিনিধির মাধ্যমে এক দিনের দুইটি ইনোভেশন প্রশিক্ষন কর্মশালা (সক্ষমতা বৃদ্ধি / প্রকল্প বাস্তবায়ন) আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পরিকল্পনা বিভাগ |

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমুহ | বাস্তবায়নকারী বিভাগ / উপ-বিভাগের নাম |
|---|---|---|
| ০৪ | মন্ত্রী পরিষদ কর্তৃক নির্দেশনার আলোকে বাপেক্স ইনোভেশন কমিটির ২০১৯-২০ এর কর্মপরিকল্পনার আলোকে সম্ভাব্য ৬-৭ ডিসেম্বর ২০১৯ নাগাদ ইনোভেশন কমিটির সকল সদস্য ও সংশ্লিষ্ঠ কাজে সম্পৃক্ত মনোনীত কর্মকর্তাগনের সমন্বয়ে গঠিত নূন্যতম ২৫ জন সদস্যের একটি দলকে ঢাকার অদুরে (গাজীপুর / সিলেট / কক্সবাজার / চট্রগ্রাম এর) মানসম্মত রির্সোটে / হোটেলে এটুআই এর সংশ্লিষ্ঠ রিসোর্স পারসন / প্রতিনিধির মাধ্যমে দুই দিনের একটি প্রশিক্ষন কর্মশালা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এবিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম শুরুর নিমিত্তে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মৌখিক সন্মতি গ্রহন পূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পরিকল্পনা বিভাগ ও প্রশাসন বিভাগ |
| ০৫ | বাপেক্সের টিএ বিল সহজীকরনে হিসাব ও অর্থ বিভাগের জন্য একটি অ্যাপস / সফটওয়্যার ডিজাইন ও বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। যা ২০১৯-২০ পঞ্জিকা বছরের ইনোভেশন আইডিয়া হিসেবে বাস্তবায়ন করা যেতে পারে। এছাড়া নতুন ইনোভেটিভ আইডিয়া প্রদানের বিষয়ে সকলকে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | হিসাব ও অর্থ বিভাগ ও ইনোভেশন কমিটি । |
| ০৬ | ২০১৯-২০ পঞ্জিকা বছরের ইনোভেশন কর্ম পরিকল্পনা বাস্তবায়নে নির্দেশনা মোতাবেক ১০.০০ লক্ষ টাকার বাজেট বরাদ্দ এবং ব্যয়ের বিষয়ে হিসাব ও অর্থ বিভাগের মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনে সভায় আলোচনা করা হয়। | হিসাব ও অর্থ বিভাগ ও ইনোভেশন কমিটি । |
| ০৭ | বাপেক্সের সকল বিভাগের মহাব্যবস্থাপক / বিভাগীয় প্রধানের কক্ষে সংশ্লিষ্ঠ বিভাগের ভুতপূর্ব হতে বর্তমানে দায়িত্বপালনরত মহাব্যবস্থাপক নামের তালিকা সম্বলিত একটি মানসম্মত নাম তালিকা স্থাপনের উদ্যেগ গ্রহন করা। | প্রশাসন বিভাগ ও আইসিটি উপ-বিভাগ । |
| ০৮ | বাপেক্সের কর্মকর্তা ও কর্মচারীগনের প্রয়োজনীয় ব্যক্তিগত তথ্য সমুহ হালনাগাদ করনে কর্তৃপক্ষের সহিত মতামত সাপেক্ষ্যে একটি সমৃদ্ধ এইচআর ডাটাবেজ ম্যানেজমেন্ট সহ সংশ্লিষ্ট তথ্যাদি আপডেট করার লক্ষ্যে সফটওয়্যার ডিজাইন ও ইনস্টল করার উদ্যেগ গ্রহন করা। | প্রশাসন বিভাগ ও আইসিটি উপ-বিভাগ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৫.১০.১৯

(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ও
আহবায়ক, ইনোভেশন কমিটি

বিতরণ ঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স।

২। বাপেক্স ইনোভেশন কমিটির সকল সদস্যবৃন্দ।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা ও বিভিন্ন সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত ইনোভেশন কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগনের তালিকা।

সভার তারিখ ঃ ০৩ অক্টোবর ২০১৯

| ক্রম | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোহাম্মদ- আব্দুল জব্বার | মহাব্যবস্থাপক (প্রশাসন) | [signature] |
| ০২ | মোহাম্মদ ওহিদুল রহমান | উপ-মহা: ব্যবস্থাপক (হিসাব) | [signature] |
| ০৩ | মুঃ হাসানুজ্জামান সিকদার | DGM (Prod) | [signature] 03/10/19 |
| ০৪ | এ, কে, এম, মনজুর কবীর | GM (planing) | [signature] ৩/১০/১৯ |
| ০৫ | মিয়া মোঃ নুরুজ্জামান | DGM (Per) | [signature] ৩/১০/১৯ |
| ০৬ | মোহাম্মদ আহসানুল আমিন | DGM (IC) | [signature] ৩/১০/১৯ |
| ০৭ | মোহাম্মদ নূর হোসেন | DGM (M/S) | [signature] ৩/১০ |
| ০৮ | | | |
| ০৯ | | | |
| ১০ | | | |